# ২ জন মনোরোগ বিশেষজ্ঞদের সেন্টার পরিদর্শন

গত মাসের ২৯ জুলাই ২০২৫ তারিখে পিএফডিএ – ভোকেশনাল ট্রেনিং সেন্টার ট্রাস্ট এ (VTC) যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশি মনোরোগ বিশেষজ্ঞ ডা. আহামেদুল হাসান এবং তার স্ত্রী, যিনি নিজেও একজন মনোরোগ বিশেষজ্ঞ, সম্মানিত উপদেষ্টা মহোদয়ের আমন্ত্রণে প্রতিষ্ঠান পরিদর্শন করেন।

উপদেষ্টা মহোদয়ের নেতৃত্বে অতিথিরা পিএফডিএ–VTC-এর বিভিন্ন সেকশন, প্রশিক্ষণ কার্যক্রম এবং শিক্ষার্থীদের উন্নয়ন প্রক্রিয়া সরাসরি পরিদর্শন ও মূল্যায়ন করেন।

প্রথম পর্যায়ে প্রি-ভোকেশনাল বিভাগ পরিদর্শনকালে তারা শিক্ষার্থীদের মৌলিক দক্ষতা, জীবনমুখী দক্ষতা, যোগাযোগ দক্ষতা এবং আত্মনির্ভরশীলতার প্রশিক্ষণ দেখে সন্তোষ প্রকাশ করেন। পরবর্তীতে ভোকেশনাল ট্রেনিং বিভাগের হস্তশিল্প, জুয়েলারি, ব্লক-বাটিক, প্যাকেজিং, টেইলারিং, খাদ্য প্রক্রিয়াকরণ, হ্যান্ডলুম এবং মোবাইল সার্ভিসিং সেকশন ঘুরে দেখে প্রশিক্ষণের মান ও কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করেন।









অতিথিরা বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের সাংস্কৃতিক চর্চার জন্য ‘কারিশমা’ বিভাগ পরিদর্শন করেন এবং শিক্ষার্থীদের জিম ও থেরাপি বিভাগেও যান।সেখানে শিক্ষার্থীদের জন্য প্রদত্ত থেরাপি সেবাসমূহ প্রত্যক্ষ করেন।

পরিদর্শনের সমাপ্তিতে বিপণন ও প্রদর্শনী কেন্দ্র পরিদর্শন করেন, যেখানে শিক্ষার্থীদের তৈরি পণ্যগুলো প্রদর্শিত ও বিক্রয় করা হয়। অতিথিরা বিভিন্ন পণ্য ক্রয় করে শিক্ষার্থীদের উৎসাহিত করেন।

ডা. আহামেদুল হাসান এবং তাঁর স্ত্রী বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত যেকোনো প্রয়োজনে বিনামূল্যে পরামর্শ ও প্রয়োজনীয় ঔষধ ব্যবহারে কোন সাইড ইফেক্ট আছে কিনা সেই সব বিষয় গুলো নিয়েও পরামর্শ দিবেন বলে আশ্বাস প্রদান করেন।

তারা প্রতিষ্ঠানটির উন্নয়নের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অনুদান প্রদান করেন, যা শিক্ষার্থীদের কল্যাণমূলক কার্যক্রমে ব্যবহৃত হবে।

এই সফরটি পিএফডিএ–VTC-এর জন্য একটি উল্লেখযোগ্য মাইলফলক হিসেবে বিবেচিত হবে। উপদেষ্টা মহোদয়ের আন্তরিক সহযোগিতা ও অতিথিদ্বয়ের অবদান আমাদের প্রতিষ্ঠানের আন্তর্জাতিক সহযোগিতা ও মানসিক স্বাস্থ্য সেবায় নতুন দিগন্ত উন্মোচিত করবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।

আমরা এই ভিজিটের জন্য অতিথিদ্বয়কে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং ভবিষ্যতেও এ ধরনের সহযোগিতা ও সম্পর্ক আরও প্রসারিত হবে বলে আশা রাখছি।